

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ২৪. ৬. পূর্ববর্তী নবী-রাসূলরা চোর-ডাকাত!

যীশু তাঁর পূর্বে যারা মানুষদের ঈশ্বরের পথে ডাকতে এসেছিলেন তাঁদের সকলকে চোর-ডাকাত বলে আখ্যায়িত করেছেন: "আমি আপনাদের সত্যিই বলছি, মেষগুলোর জন্য আমিই দরজা। আমার আগে যারা এসেছিল তারা সবাই চোর আর ডাকাত (All that ever came before me are thieves and robbers), কিন্তু মেষগুলো তাদের কথা শোনে নি।" (যোহন /ইউহোন্না: ১০/৭-৮, মো.-০৬)

বিষয়টা কি পাক-কিতাবের সাথে সাংঘর্ষিক নয়? যীশুর আগে যাঁরা মানুষদেরকে আল্লাহর পথে, ধর্মের পথে, তৌরাতের পথে ও শরীয়তের পথে ডাকতে এসেছিলেন সকলেই চোর ও ডাকাত ছিলেন? কেউ হয়ত দাবি করবেন, যীশু এখানে ভণ্ডদের কথা বলছেন। এ দাবিটা ভিত্তিহীন। এ অধ্যায়টা পুরো পড়লে কোথাও এ দাবির প্রমাণ পাবেন না। বিশেষত, যীশু এখানে ব্যাখ্যার কোনো সুযোগ রাখেননি। তিনি 'All' ও 'ever' দ'ুটা শব্দ দিয়ে বিষয়টা নিশ্চিত করেছেন। সকল যুগে এবং যে কোনো সময়ে যাঁরা এসেছেন তাঁরা সকলেই চোর এবং ডাকাত ছিলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14379

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন